

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 02-04-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Disaster Management :**

রাজ্যে সাম্প্রতিক ঝড় বৃষ্টিতে ক্ষতিগ্রস্তদের প্রশাসনের তরফে দ্রুত সহায়তা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। রাজ্য সরকারের বিপর্যয় মোকাবেলা দপ্তরের সচিব বৃজেশ পাণ্ডে গতকাল মহাকরনে একথা জানান। তিনি বলেন, গত ৩০ ও ৩১ মার্চের কালবৈশাখীর ঝড়, বজ্রপাত, বৃষ্টি ও শিলাবৃষ্টিতে রাজ্যের বিভিন্ন এলাকায় ক্ষয়ক্ষতি হয়। ইতিমধ্যেই রাস্তা অবরোধ মুক্ত করা হয়েছে, অধিকাংশ এলাকায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক করা গেছে। তিনি জানান, ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে মহকুমা প্রশাসন থেকে তাৎক্ষনিক সাহায্য হিসাবে ৫০০০ টাকা পর্যন্ত অর্থ সাহায্য করা হয়েছে।

\*\*\*\*\*

**PM :**

আগামী ১০ বছরে ভারতকে অর্থনৈতিকভাবে স্বনির্ভর হতে হবে, যাতে দেশ বিভিন্ন বৈশ্বিক কারণের দ্বারা খুব বেশি প্রভাবিত না হয়। গতকাল মুম্বাইতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ৯০বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একথা বলেন।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, অর্থ প্রতিমন্ত্রী ভাগবত কিষাণরাও কারাদ ও পঞ্চজ চৌধুরী এবং আরবিআই এর গভর্নর শক্তিকান্ত দাস এই অনুষ্ঠানে অংশ নেন।

\*\*\*\*\*

**Chandrachur :**

সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি D.Y চন্দ্রচূড়, অপরাধের বিচার পদ্ধতি রূপান্তরের ক্ষেত্রে প্রযুক্তিবিদ্যার ভূমিকার উপর গুরুত্বারোপ করেছেন। গতকাল নয়দিল্লিতে 'সিবিআই দিবস' উপলক্ষে আয়োজিত ডি.পি কোহেলি স্মারক বক্তৃতা দিতে গিয়ে তিনি, নতুন যুগের অপরাধীদের মোকাবিলায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের পরামর্শ দেন। অনুষ্ঠানে প্রধান বিচারপতি, সিবিআই আধিকারিকদের হাতে কর্তব্যপরায়নতার জন্য, রাষ্ট্রপতির পুলিশ পদকও তুলে দেন। উল্লেখ্য ১৯৬৩ সালের ১লা এপ্রিল ভারত সরকারের কেন্দ্রীয় তদন্ত সংস্থা বা সিবিআই গঠন করা হয়েছিল।

\*\*\*\*\*

#### **Electrtion Campaign :**

২টি লোকসভা আসনের নির্বাচনী লড়াইয়ে গতকাল রাজ্যে বিভিন্ন স্থানে রাজনৈতিক দল জনসংযোগ ও সভা করে। দলের নেতারা ভোটারদের বাড়ি বাড়ি প্রচারেও জোর দিয়েছেন। এদিকে রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে, শাসক বিজেপি ও প্রতিদ্বন্দ্বি সিপিআই-এমের প্রার্থীদের গতকাল বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় জনসংযোগ করতে দেখা গেছে।

\*\*\*\*\*

#### **Election Meeting-Ratanlal Nath:**

লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে গতকাল মোহনপুর মহকুমার লেফুঙ্গায় বিজেপি, আই পি এফ টি এবং তিপরা মথা দলের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ, লেফুঙ্গা বিএসির চেয়ারম্যান বুদ্ধ দেববর্মা, এডিসির কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

#### **B. L Santosh :**

বিজেপির জাতীয় সাংগঠনিক সাধারণ সম্পাদক বি এল সন্তোষ আজ দুইদিনের রাজ্য সফরে আসছেন। সফরকালে তিনি দলের বিভিন্ন সভায় অংশ নেবেন বলে প্রদেশ বিজেপি সূত্রে জানানো হয়েছে।

\*\*\*\*\*

#### **Recovery of Phensedyl :**

BSF এবং পুলিশের যৌথ অভিযানে গতকাল এয়ারপোর্ট থানার ভাগলপুরে সীমান্ত এলাকায় এক বাড়ি থেকে ৩৯০ বোতল ফেন্সিডিল উদ্ধার হয়েছে। এয়ারপোর্ট থানার ওসি উত্তম মন্ডল জানিয়েছেন, ফেন্সিডিলের বোতলগুলি বাংলাদেশ পাচারের জন্য মজুত করা হয়েছিল। অভিযুক্তর বিরুদ্ধে এনডিপিএস আইনে মামলা করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Himachal Pradesh Government Visited-UNAKOTI :**

হিমাচল প্রদেশের মুখ্য সচিব প্রবোধ সাক্সেনা গতকাল কৈলাশহরের প্রত্নভূমি উনকোটি পরিদর্শন করেন। তিনি পাহাড়ের গায়ে খোদিত অপূর্ব স্থাপত্য ও ভাস্কর্য ঘুরে ঘুরে দেখেন এবং উনকোটি প্রত্ন-ইতিহাস, কিংবদন্তি, লোকগাঁথা ইত্যাদি সম্পর্কে অবহিত হন। পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ।

\*\*\*\*\*

#### **Bison-Trishna sanctuary :**

তৃষ্ণা অভয়ারণ্য থেকে পালিয়ে যাওয়া বাইসনটিকে গতকাল অভয়ারণ্যে ফিরিয়ে আনলেন বন দপ্তরের কর্মীরা। তৃষ্ণা অভয়ারণ্যের সহকারী বন্যপ্রাণী সংরক্ষক সুকান্ত সরকার জানান, গত বৃহস্পতিবার থেকে লাগাতর প্রচেষ্টার পর আজ বাইসনটিকে ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।

\*\*\*\*\*

**NSD :**

রাষ্ট্ৰীয় নাট্য বিদ্যালয় বা NSD ত্ৰিপুৰা শাখাৰ উদ্যোগে 'থিয়েটাৰ ইন এডুকেশ্বন'-বিষয়ে এক বছৰেৰ সাৰ্টিফিকেট কোৰ্স-এ বৰ্তমান শিক্ষাবৰ্ষেৰ ক্লাস আজি থেকে শুৰু হছে। এই উপলক্ষে গত রবিবার রাজধানীৰ নজরুল কলাক্ষেত্ৰে 'দীক্ষারন্ত-পৰ্ব' অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে NSD-ৰ ডিৰেক্টৰ চিত্তরঞ্জন ত্ৰিপাঠি, NEZCC-ৰ পৰিচালক ড: প্ৰসন্ন গগোই প্ৰমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **T-20 Cricket :**

টিসিএ পৰিচালিত সমীৰণ চক্ৰবৰ্তী স্মৃতি ঘৰোয়া টি-২০ ক্ৰিকেট প্ৰতিযোগিতা আজি থেকে শুৰু হছে। প্ৰথম দিনে বিভিন্ন মাঠে পাঁচটি খেলা হবে। গ্ৰুপ লিগ কাম নকআউট পদ্ধতিতে এই আসরে মোট ১৪টি দল অংশ নিছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজি দুপুৰ পৰ্যন্ত আবহাওয়ার পূৰ্বাভাসে জানানো হছে আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্ৰ বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝাৰি ধৰনেৰ বৃষ্টিপাত হতে পারে। রাজ্যেৰ সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্ৰ বিদ্যুৎ সহ ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটাৰ বেগে দমকা হওয়া বয়ে যেতে পারে বলে সতৰ্কবার্তা দেওয়া হছে।

এদিকে, আগরতলায় আজি সকালে সৰ্বনিম্ন তাপমাত্ৰা ছিল ২৬.২ ডিগ্ৰি সেলসিয়াস। দিনেৰ সৰ্বোচ্চ তাপমাত্ৰা থাকবে ৩৫ ডিগ্ৰিৰ কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*